গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নবাবগঞ্জ, ঢাকা
www.nawabganj.dhaka.gov.bd

স্মারক নম্বরঃ০৫.৪১.২৬৬২.০০০.৪০.০০৪.১৭-৪৯১

তারিখঃ ১৯ আষাঢ় ১৪২৯ / ০৩ জুলাই ২০২২

অস্থায়ী কোরবানির পশুর হাট ইজারার বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত সেপ্টেম্বর ২০১১ খ্রিষ্টাব্দ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নম্বর স্মারকে সরকারি হাট বাজার ইজারা সংক্রান্ত নীতিমালা এবং জেলা প্রশাকের কার্যালয়, ঢাকার স্থানীয় সরকার শাখার ০৩ জুলাই ২০২২ তারিখের ০৫.৪১.২৬০০.০১৭.৩৭.০০১.২০(অংশ-১)-৩৪৮ নং স্মারকের আলোকে আসন্ন ঈদ-উল আযহা উপলক্ষে নবাবগঞ্জ উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে অস্থায়ী পশুর হাট আগামী ০৬/০৭/২০২২ তারিখ হতে ১১/০৭/২০২২ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) দিনের জন্য অস্থায়ীভিত্তিতে কোরবানির পশুর হাট ইজারা প্রদানের নিমিত্ত বর্ণিত শর্ত মোতাবেক দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল আগামী ০৪/০৭/২০২২ তারিখ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। আগামী ০৫/০৭/২০২২ তারিখে সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, ঢাকার কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে সীলমোহরকৃত দরপত্র জমা দেওয়া যাবে। একই দিন বেলা ০২.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে খোলা হবে।

ক্রমিক	অস্থায়ী পশুর হাটের নাম	ইজারার সময়কাল	সিডিউল বিক্রয়ের তারিখ ও জমা	কাঙ্খিত সরকারি ইজারা মূল্য	সিডিউলের মূল্য
০১	শিকারীপাড়া ইউনিয়নে তাফসির মাঠ নামক স্থান	০৬/০৭/২০২২ তারিখ হতে ১১/০৭/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত ০৬ (ছয়) দিন	বিক্রয়ঃ ০৪/০৭/২০২২ তারিখ সময়ঃ ০৯.০০ টা হতে ০৫.০০ টা পর্যন্ত জমাঃ ০৫/০৭/২০২২ সময়ঃ ১০.০০ টা হতে ০১.০০ টা পর্যন্ত দরপত্র উন্মুক্তকরণঃ ০৫/০৭/২০২২ সময়ঃ ০২.০০ টা	১,৫০,০০০/-	১,০০০/-
০২	কলাকোপা ইউনিয়নে বিবিরচর নামক স্থান			২,৪৩,৮০০/-	১,২০০/-
০৩	বান্দুরা ইউনিয়নে মাঝিরকান্দা ব্রীজ সংলগ্ন স্থান			১,৫০,০০০/-	১,০০০/-
০৪	কৈলাইল ইউনিয়নে পাড়গ্রাম বাজার সংলগ্ন খালি জায়গা			১,৫০,০০০/-	১,০০০/-
০৫	গালিমপুর ইউনিয়নে শাহবাদ নামক স্থান			১,৫০,০০০/-	১,০০০/-

অস্থায়ী পশুর হাটের ইজারার শর্তাবলীঃ

০১। অস্থায়ী পশুর হাট ০৬ (ছয়) দিনের জন্য ইজারা দেয়া হবে। ০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, ঢাকার অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে, ক্রোতা ও বিক্রেতাদের মাস্ক পরিধান নিশ্চিত করতে না পারলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। ০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার সাথে সাথে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় কার্যক্রম গ্রহণ করা হবে। ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে। ০৫। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। ০৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও অস্থায়ী পশুর হাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। ০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে অস্থায়ী পশুর হাটে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন। ০৮। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে। ০৯। ইজারাদার কোনক্রমেই অস্থায়ী পশুর হাট অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের সাথে সাথে ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা মাত্র নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। ১২। ইজারাদার নিজ খরচে অস্থায়ী পশুর হাট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন ও মাস্ক বিতরণ করবেন। ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন। ১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না। ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে। ১৬। ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে। ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে। ১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ মতিউর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ,ঢাকা
মোবাইলঃ ০১৯৩৩৪-৪৪০৩৭
unonawabganjdhaka@mopa.gov.bd

তারিখ ঃ ০৩ জুলাই ২০২২ খ্রি.

স্মারক নম্বর- ০৫.৪১.২৬৬২.০০০.৪০.০০৪.১৭-৪৯১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) ঃ-

০১। জেলা প্রশাসক, ঢাকা
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৪। উপজেলা.....অফিসার (সকল), নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
০৫। সহকারী কমিশনার(ভূমি), নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
০৬। সাব-রেজিস্ট্রার, নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
০৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নবাবগঞ্জ থানা, নবাবগঞ্জ, ঢাকা(নোটিশ বোর্ডে টানানোর ও দরপত্র বিক্রয়ের অনুরোধসহ)
০৮। পোস্ট মাস্টার, নবাবগঞ্জ পোস্ট অফিস, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
০৯। ম্যানেজার, সোনালী ব্যাংক, নবাবগঞ্জ শাখা, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.....ইউনিয়ন ভূমি অফিস, নবাবগঞ্জ, ঢাকা। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১১। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ (সকল), নবাবগঞ্জ, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
১২। জনাব.....
১৩। সভাপতি/ সাধারণ সম্পাদক.....হাট-বাজার বণিক সমিতি (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১৪। সভাপতি/ সাধারণ সম্পাদক.....নবাবগঞ্জ প্রেস ক্লাব, নবাবগঞ্জ, ঢাকা (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)
১৫। নোটিশ বোর্ড/অফিস কপি।